

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ



Phone: (202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail: bdoot_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

23 April 2014

Press Release

Bangladesh Ambassador speaks at Rumi Forum, Washington DC

Bangladesh Ambassador Akramul Qader spoke at Rumi Forum today in Washington DC. The discussion was moderated by Dr. Alyssa Ayres, Senior Fellow for India, Pakistan, and South Asia at the Council on Foreign Relations (CFR) and former Deputy Assistant Secretary of State for South and Central Asian Bureau. Commencing with the speech of the Ambassador Qader, it ended up with a question & answer session.

Bangladesh Ambassador Qader spoke on the socio-economic development, labour safety, labour rights, 10th Parliamentary elections, International Crime Tribunal and Bangladesh-US trade & economic relations. Ambassador Qader said that Bangladesh nearly equals to the size of the state of Iowa having roughly half of the population of USA is maintaining an economic growth rate of 6% for more than a decade. He mentioned that within a span of four decades Henry Kissinger's "basket case-Bangladesh" become a fascinating case study for development experts and economists across the world for its' human development and robust economic growth. In this context Ambassador referred to the comment made by the former US Secretary of State Hillary Clinton during her last visit to Bangladesh after forty one years, she said that "...there is a tremendously positive path for this country---the changes, the economic growth—all of these are very encouraging.....".

Bangladesh Ambassador informed that since independence Bangladesh made enormous progress in the socio-economic front; in four decades GDP hiked from \$ 8.75 billion to \$ 116 billion. Due to the liberal and pragmatic policies undertaken by the Prime Minister Sheikh Hasina poverty level reduced by 10%, maintaining consistent growth rate of 6%, per capita increased by 65% (\$ 1000), reduced inflation from double digits to 7.5 %, created employment for nearing 8 million people in private and public sector, increased the exports annually on an average of 19% since 2009 (currently \$ 24 billion) and arranged overseas jobs for 2 million Bangladeshis over the last five years. Foreign currency reserve followed a high-growth trajectory exceeding \$ 20 billion in April 2014, Ambassador added.

Mr. Qader said that encouraged by such resilient economy, Government could choose to take courageous decisions like building Padma multipurpose bridge solely by domestic-finance. Bangladesh's economic relations with foreign countries have been changed from predominantly aid-recipient to a trade, he added.

While speaking on Bangladesh's success stories, Ambassador Qader said that the dividends of economic development helped to eradicate economic disparity and paving social justice. Disease prevention and increased awareness of health and sanitation have raised average life expectancy by more than 20 years, literacy rates increased from 25% to 80%. Bangladesh can rightly boast the successful completion of 5 out of the 8 Millennium Development Goals well before the deadline in 2015, he added.

Bangladesh Ambassador said that, US is a major destination for products made in Bangladesh, receiving nearly a fourth of Bangladesh's total exports. Apart from providing low cost fashions and apparel solutions to the US consumers, Bangladesh's RMG is also a source of huge revenue for the US Government. Bangladeshi garments enter into the US market after paying an exceptionally high tariff ranging from 8 to 32%. In 2013, Bangladesh exported US \$4.90 billion of RMG to US market and paid tariffs of almost \$ 820 million. Ironically, while US congress consistently advocates for improved labor conditions in Bangladesh, it has always shied away from offering any tariff concessions to Bangladesh apparels. Should the US congress offered duty free access or alternatively tariff concessions, no doubt, it would have given much needed financial rooms for the industries to improve worker' safety and rights in Bangladesh, Ambassador added.

Bangladesh Ambassador said that Bangladesh's RMG sector is still recovering from the shocks by Rana Plaza building collapse in April 2013 and the fire in the Tazreen factory in November 2012, but US government's response of suspending GSP for Bangladesh has not helped to address the underlying issues beneath the deadly incidents rather put the workforce into jeopardy.

Ambassador informed that the retailers have come up with innovative ideas for a long-term improvement in factory conditions and labour rights. The accord on fire and building safety in Bangladesh that the European retailers signed in May 2013 is the first ever agreement centering compliances in Bangladesh garments sector. He also added that the North American retailers came up with "Alliance on Bangladesh Worker's Safety". Ambassador urged the international community including USA to continue to constructively engage with Bangladesh during this difficult time.

Ambassador Qader informed that the International Crime Tribunals-Bangladesh was enacted in response to the overwhelming public demand to bring the perpetrators of the crimes against humanity during liberation war to justice. Government welcomed and incorporated suggestions from outside observers, including the US, to ensure that the tribunals meet international legal standards, he added. Ambassador also mentioned that the trials incited the ire of the Jamaat-e-Islami, who used indiscriminate violence as a

political tool to prevent the trials from proceeding. Ambassador hoped for a successful implementation of the decision of the International Criminal Tribunals, which can set a precedent for others that justice, fairness, and equality can prevail regardless of a state's past.

Responding to a question Ambassador Qader said that present government is steadfast to preserve the human rights and freedom of media in the country. The National Human Rights Commission is working free and independent; any violation of human rights is being dealt sternly, so that the perpetrators cannot get impunity from appropriate punishment. Ambassador informed that the present government is committed to uphold the freedom of media; an enormous number of newspapers; TV channels and online news are operating free and independently in Bangladesh.

Replying to a question on the labour safety and rights, Bangladesh Ambassador briefed on the steps taken by the government on the labour safety and labour rights in Bangladesh. He informed that Government recently passed the "Bangladesh Labour (Amendment) Act, 2013", and now focusing on the labour safety a national committee and a working group have been relentlessly working to formulate the rules under the Acts. He also mentioned that, among other initiatives government adopted National Occupational Safety and Health Policy, established a Task Force on Building and Fire Safety, recruiting adequate numbers of factory inspectors, upgraded and strengthened the office of the Inspector General of Factories and Establishments, initiated assessment of the structural integrity of all active RMG factories, established worker fire safety hotline and creating public accessible database on safety issues in ready-made garment factories.

Responding to a question concerning the 10th Parliamentary elections, Bangladesh Ambassador said that the 10th national parliamentary elections were held under an unprecedented commitment of the government to uphold the constitutional obligation and strengthen the democratic process in the country. He informed that under the independent election commissions the elections were free, fair and transparent; more than 40% voters exercised their franchise. Bangladesh Ambassador commended BNP's decision to cease violence and participate in the subsequent upazilla-level (local government) elections, which proves the credibility of the existing election mechanism in the country. He also added that the 10th Parliamentary elections results have both domestic and international ramifications. Domestically, it is a victory of secular and democratic forces over the extremist and reactionary forces. Internationally, the new government has received significant international supports and after the elections the European Parliament has called upon the major opposition (BNP) to abandon its' alliance with extremist forces.

بِسْمِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone: (202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mali: bdoot_pwash@yahoo.com

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C. 20008

তারিখ : ২৩ এপ্রিল ২০১৪

প্রেস বিজ্ঞপ্তি

রুমি ফোরামে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আকরামুল কাদের

২৩ এপ্রিল ২০১৪ তারিখে রাষ্ট্রদূত আকরামুল কাদের বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন, শ্রমিক নিরাপত্তা ও অধিকার, ১০ম জাতীয় সংসদীয় নির্বাচন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল ও বাংলাদেশ-যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক সম্পর্ক নিয়ে রুমি ফোরাম, ওয়াশিংটন ডি.সি.-এ এক আলোচনায় অংশগ্রহণ করেন। কাউন্সিল অন ফরেন রিলেশনস-এর সিনিয়র ফেলো ও ডিপার্টমেন্ট অব স্টেট এর দক্ষিণ ও মধ্য এশিয়া বিষয়ক ব্যুরোর ভূতপূর্ব উপ-সহকারী সচিব ড: আলিসা অ্যার্স উক্ত আলোচনায় সঞ্চালকের ভূমিকা পালন করেন। আলোচনা অনুষ্ঠানটি বাংলাদেশের রাষ্ট্রদূতের বক্তৃতার মধ্য দিয়ে শুরু হয় এবং প্রশ্নোত্তর পর্বের মাধ্যমে শেষ হয়।

রাষ্ট্রদূত আকরামুল কাদের বলেন যে, যুক্তরাষ্ট্রের প্রায় অর্ধেক জনসংখ্যা নিয়ে এর অঙ্গরাজ্য আইওয়া -এর প্রায় সমান আয়তনের বাংলাদেশ বিগত এক দশক যাবৎ বাৎসরিক ৬% হারে অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রেখেছে। তিনি বলেন যে, চার দশকের মধ্যে হেনরী কিসিঞ্জারের তথাকথিত “তলা ছেড়া বুড়ি” বাংলাদেশ এখন বিশ্বের অর্থনীতিবিদ ও উন্নয়ন বিশেষজ্ঞদের কাছে মানব উন্নয়ন ও অর্থনৈতিক উন্নয়নের একটি বিপ্লবের উদাহরণ। এই প্রসঙ্গে রাষ্ট্রদূত আরো উল্লেখ করেন যে, হেনরী কিসিঞ্জারের উক্তির চার দশকের প্রান্তে ভূতপূর্ব পররাষ্ট্রমন্ত্রী হিলারী ক্লিনটন বলেছেন “বাংলাদেশের জন্য অমিত সম্ভাবনার একটি পথ রয়েছে, পরিবর্তন ও অর্থনৈতিক উন্নয়ন সকলই অত্যন্ত উৎসাহব্যাঞ্জক”। রাষ্ট্রদূত কাদের বলেন যে, স্বাধীনতাত্ত্বের বাংলাদেশ আর্থ-সামাজিক প্রেক্ষাপটে অভূতপূর্ব উন্নয়ন সাধন করেছে, মাত্র এক দশকে বাংলাদেশের জিডিপি ৮.৭৫ বিলিয়ন মার্কিন ডলার হতে ১১৬ বিলিয়ন মার্কিন ডলারে উন্নীত হয়েছে। তিনি উল্লেখ করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদার ও বাস্তবসম্মত নীতির ফলশ্রুতিতে দারিদ্রসীমা ১০ শতাংশ হ্রাস পেয়েছে, মাথাপিছু আয় ৬৫% বৃদ্ধি পেয়ে ১০০০ মার্কিন ডলারে উন্নীত হয়েছে, মুদ্রাস্ফীতি ৭.৫%-এ হ্রাস পেয়েছে, সরকারি ও বেসরকারী খাতে প্রায় ৮০ লক্ষ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে, ২০০৯ সাল হতে ১৯% হারে রপ্তানী বৃদ্ধি পেয়েছে এবং বিদেশে প্রায় ২০ লক্ষ কর্মসংস্থান সৃষ্টি করা হয়েছে। আরো উল্লেখ্য যে, বৈদেশিক মুদ্রার রিজার্ভ বর্তমান ২০ বিলিয়ন মার্কিন ডলার অতিক্রম করেছে।

রাষ্ট্রদূত আকরামুল কাদের আরো বলেন যে, বাংলাদেশের শক্তিশালী অর্থনীতি সরকারকে নিজস্ব অর্থয়ানে পদ্মা সেতু নির্মাণের মতো সাহসী সিদ্ধান্ত নিতে উৎসাহিত করেছে। বিশ্বের বিভিন্ন রাষ্ট্রের সাথে বাংলাদেশের অর্থনৈতিক সম্পর্ক এখন আর বৈদেশিক সাহায্য নির্ভর নয় বরং বানিজ্য নির্ভর। রাষ্ট্রদূত কাদের উল্লেখ করেন যে, উন্নয়নের ফলে ক্রমশঃ অর্থনৈতিক বৈষম্য দূরীভূত হচ্ছে এবং সামাজিক সাম্যতা নিশ্চিত হচ্ছে। রোগ নিরাময়, স্বাস্থ্য সচেতনতা ও যথাযথ সেনিটেশনের ফলে ২০ বছর গড় আয়ু বৃদ্ধি করা সম্ভব হয়েছে। নিরক্ষরতার হার ২৫% হতে ৮০% উন্নীত হয়েছে। ২০১৫ সালের পূর্বেই বাংলাদেশ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্য মাত্রার ৮টির মধ্যে ৫টি ইতোমধ্যে সফলভাবে সম্পন্ন করেছে।

রাষ্ট্রদূত আকরামুল কাদের বলেন যে, বর্তমানে বাংলাদেশ তার মোট রপ্তানীর এক চতুর্থাংশ যুক্তরাষ্ট্রে প্রেরণ করে। যুক্তরাষ্ট্রের ভোক্তাদের নিকট স্বল্পমূল্যে পোশাক ও এ্যাপারেল সরবরাহ ছাড়াও বাংলাদেশ যুক্তরাষ্ট্রকে উক্ত রপ্তানীর উপর বৎসরে ৮% হতে ৩২% শুল্ক দিয়ে থাকে। ২০১৩ সালে বাংলাদেশ যুক্তরাষ্ট্রে ৪.৯ বিলিয়ন মার্কিন ডলারের তৈরী পোশাক রপ্তানী করে, যার উপর ৮২০ মিলিয়ন মার্কিন ডলার শুল্ক প্রদান করেছে। যদিও যুক্তরাষ্ট্রের কংগ্রেস বাংলাদেশে শ্রমিকদের মান উন্নয়নের বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করে, কিন্তু এযাবৎ বাংলাদেশ হতে তৈরী পোশাক ও এ্যাপারেলস আমদানীর ক্ষেত্রে শুল্ক হ্রাস কিংবা মওকুফের পদক্ষেপ গ্রহণ করেনি। এ ধরনের শুল্ক হ্রাস ও মওকুফ বাংলাদেশের শ্রমিকদের মজুরী বৃদ্ধিসহ সার্বিক মানোন্নয়নে কার্যকর ভূমিকা রাখতে পারে বলে রাষ্ট্রদূত আশা প্রকাশ করেন। এপ্রিল ২০১২-এর রানা প্লাজা দুর্ঘটনার পর যুক্তরাষ্ট্র বাংলাদেশের জন্য জিএসপি সুবিধা বাতিল করে যা বাংলাদেশের শ্রমিকদের জন্য দুঃখজনক, এমন সিদ্ধান্ত দুর্ঘটনার অন্তর্নিহিত সমস্যা সমাধানের পরিবর্তে শ্রমিকদের জন্য অধিকতর ক্ষতি বয়ে এনেছে। রাষ্ট্রদূত উল্লেখ করেন যে, রানা প্লাজা দুর্ঘটনার পর উত্তর আমেরিকা ও ইউরোপের ক্রেতাদের নতুন ধারণা ও পরিকল্পনাসমূহ বাংলাদেশে তৈরী পোশাক শিল্পের উন্নয়নে দীর্ঘমেয়াদী ভূমিকা রাখবে। তিনি যুক্তরাষ্ট্র ও আন্তর্জাতিক গোষ্ঠীকে এ বিষয়ে ফলপ্রসূ অংশগ্রহণ বজায় রাখার আহ্বান করেন।

রাষ্ট্রদূত কাদের বলেন যে, বাংলাদেশের সর্বস্তরের জনগণের দাবীর প্রেক্ষিতে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে মানবতা বিরোধী অপরাধের সাথে সংশ্লিষ্টদের বিচারের আওতায় আনার জন্য আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনাল গঠন গ্রহণ করা হয়েছে। সরকার ট্রাইবুনালের আন্তর্জাতিক মান বজায় রাখার জন্য যুক্তরাষ্ট্রসহ বিশ্বের অন্যান্য দেশের পরামর্শ গ্রহণ করেছে। রাষ্ট্রদূত আরো উল্লেখ করেন যে, এই বিচার প্রক্রিয়াকে বাধাগ্রস্ত করার জন্য জামায়াত ইসলামী সন্ত্রাস ও হিংসাত্মক পথ বেছে নিয়েছে। রাষ্ট্রদূত আশা প্রকাশ করেন যে, আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুনালের রায়ের কার্যকারিতার মাধ্যমে দীর্ঘ প্রতীক্ষিত ন্যায় বিচার প্রতিষ্ঠিত হবে।

আলোচনার শেষার্ধ্বে এক প্রশ্নের জবাবে রাষ্ট্রদূত বলেন যে, বর্তমান সরকার মানবাধিকার সংরক্ষণ ও সংবাদপত্র তথা মিডিয়ার স্বাধীনতা রক্ষায় বদ্ধপরিকর। জাতীয় মানবাধিকার কমিশন স্বাধীন ও নিরপেক্ষভাবে কাজ করে যাচ্ছে। যে কোন ধরনের মানবাধিকার লংঘন প্রতিরোধের ক্ষেত্রে সরকার অত্যন্ত কঠোর যাতে কোন ভাবেই অপরাধী তার প্রাপ্য শাস্তি এড়াতে না পারে। একই সাথে বর্তমান সরকার মিডিয়ার স্বাধীনতা রক্ষার ক্ষেত্রে প্রতিজ্ঞাবদ্ধ। বর্তমানে বাংলাদেশে বিপুল সংখ্যক সংবাদপত্র, টিভি চ্যানেল এবং অনলাইন নিউজ চালু রয়েছে, যারা স্বাধীন ও মুক্ত ভাবে সংবাদ পরিবেশন করে যাচ্ছে।

অপর এক প্রশ্নের জবাবে রাষ্ট্রদূত বাংলাদেশের শ্রমিক নিরাপত্তা ও শ্রমিক অধিকার সংরক্ষণে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপসমূহ বিধৃত করেন। তিনি উল্লেখ করেন যে, বাংলাদেশ শ্রম আইন (সংশোধনী)-২০১৩ বিগত সংসদে পাশ হয়েছে, বর্তমানে শ্রমিক নিরাপত্তাকে গুরুত্ব দিয়ে উক্ত আইনের বিভিন্ন বিধিসমূহ চূড়ান্তকরণে একটি জাতীয় কমিটি ও ওয়ার্কিং গ্রুপ নিরলস কাজ করে যাচ্ছে। বাংলাদেশের রাষ্ট্রদূত আরও বলেন যে, বাংলাদেশ সরকার শ্রমিক নিরাপত্তা ও শ্রমিক অধিকার নিশ্চিতকল্পে জাতীয় পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্যনীতি প্রণয়ন, বিল্ডিং ও অগ্নি নিরাপত্তার জন্য টাক্স ফোর্স গঠন, তৈরী পোশাক কারখানাসমূহের কাঠামোগত গঠন পর্যালোচনা, অগ্নি নিরাপত্তা সংক্রান্ত হটলাইন স্থাপন, প্রয়োজনীয় সংখ্যক কারখানা পরিদর্শক নিয়োগ, মহাপরিদর্শক, কলকারখানা ও স্থাপনা-এর কার্যালয়কে উন্নীত ও শক্তিশালীকরণ এবং জনগণের জন্য উন্মুক্ত তৈরী পোশাক শিল্পের নিরাপত্তা বিষয়ক ডাটাবেজ নির্মাণ কাজ শুরু করেছে। রাষ্ট্রদূত বলেন যে, বাংলাদেশে শ্রমিক নিরাপত্তা ও তাদের অধিকারের নিশ্চিতকল্পে বর্তমান সরকার সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে।

এক প্রশ্নের জবাবে রাষ্ট্রদূত কাদের উল্লেখ করেন যে গণতন্ত্রকে প্রাতিষ্ঠানিক রাষ্ট্রে সরকারের অকৃত্রিম সদিচ্ছা এবং সাংবিধানিক বাধ্যবাধকতা কারনে ১০ম জাতীয় সংসদীয় নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব হয়েছে। স্বাধীন ও নিরপেক্ষ নির্বাচন কমিশনের অধীনে সুষ্ঠু, অবাধ ও নিরপেক্ষ নির্বাচন সম্পন্ন হয়েছে। যাতে ৪০% -এর বেশী ভোটার তাদের ভোটধিকার প্রয়োগ করেছে। রাষ্ট্রদূত উল্লেখ করেন যে, ১০ম জাতীয় সংসদীয় নির্বাচনের আভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ব্যাখ্যা রয়েছে। আভ্যন্তরীণভাবে, উক্ত নির্বাচনে প্রতিক্রিয়াশীল উগ্রপন্থীদের বিরুদ্ধে ধর্ম নিরপেক্ষ ও গণতন্ত্রকামী মানুষের জয় হয়েছে। অপরদিকে আন্তর্জাতিকভাবে নির্বাচন পরবর্তী নতুন সরকার অভূতপূর্ব আন্তর্জাতিক সমর্থন ও সহযোগিতা লাভ করেছে এবং নির্বাচনের পর ইউরোপীয় ইউনিয়ন তৎকালীন বিরোধী দল বিএনপিকে প্রতিক্রিয়াশীল উগ্রপন্থী দলসমূহ হতে তার সম্পর্ক ছিন্ন করার পরামর্শ দিয়েছে। বাংলাদেশের রাষ্ট্রদূত কাদের, সন্ত্রাস বর্জন করে সদ্য সমাপ্ত উপজেলা নির্বাচনে বিএনপি'র অংশগ্রহণের জন্য প্রশংসা করেন এবং এর ফলে বর্তমান নির্বাচন কমিশন ও নির্বাচন প্রক্রিয়ার গ্রহণযোগ্যতা প্রমানিত হয়েছে বলেও উল্লেখ করেন।

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-5071, Fax: 202-244-2771 / 7830, e-mail bdoot_pwash@yahoo.com